

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
প্রশিক্ষণ অধিশাখা  
প্রশিক্ষণ শাখা-২  
<https://lawjusticediv.gov.bd>

নং- ১০.০০.০০০০.১৫১.২৯.০০৪.২৫-৫৮

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩  
২৩ জুন ২০২৬


**বিষয়ঃ** বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অভিভাষণ প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য রাজশাহী বিভাগে কর্মরত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সকল সদস্যের মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৪৭৬৩, তারিখ-১৬/০৬/২০২৬, হাইকোর্ট বিভাগ (বিচার শাখা), বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী আগামী ২৭ জুন ২০২৬ খ্রি. শনিবার সকাল ১০.০০ ঘটিকায় রাজশাহী বিভাগের আওতাধীন বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে কর্মরত সকল পর্যায়ের সদস্যদের উদ্দেশ্যে রাজশাহী ব্রাক লার্নিং সেন্টারে অভিভাষণ প্রদান করবেন মর্মে অভিপ্রায় ব্যক্ত করেছেন।

২। এটি একটি সরকারি অনুষ্ঠান। উক্ত অনুষ্ঠানে আগত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে কর্মরত সকল পর্যায়ের সংশ্লিষ্ট সদস্যগণ বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্ত হবেন। অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রাধিকারভুক্ত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণ সরকারি গাড়ি ব্যবহার করতে পারবেন। সরকারি গাড়ি ব্যবহারকারী সদস্যগণ টিএ প্রাপ্ত হবেন না।

৩। এমতাবস্থায়, রাজশাহী বিভাগের আওতাধীন বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সকল সদস্যকে (চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত একজন করে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটকে দায়িত্বে রেখে) আগামী ২৭ জুন ২০২৬ খ্রি. শনিবার সকাল ১০.০০ ঘটিকায় রাজশাহী ব্রাক লার্নিং সেন্টারে মাননীয় প্রধান বিচারপতির অভিভাষণ অনুষ্ঠানে উপস্থিত থাকার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ড. আবুল হাসনাত)

যুগ্মসচিব (প্রশিক্ষণ অধিশাখা)


ফোনঃ ০২৯৫৪০৭৫৩

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩  
২৩ জুন ২০২৬

নং- ১০.০০.০০০০.১৫১.২৯.০০৪.২৫-৫৮/১(৯)

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জনাব/বেগম .....
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, রাজশাহী।
৬. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, .....
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮. গার্ড ফাইল।
৯. অফিস কপি।



মোঃ জিয়া উদ্দীন

সহকারী সচিব

(প্রশিক্ষণ শাখা-২)